# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd


স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২৫.৫৩৫৪

০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ।
তারিখঃ ২৩ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ।

মেসার্স মা এন্টারপ্রাইজ
ঢাকা রোড, কানাইখালী
নাটোর।
মোবাইলঃ ০১৭২০-৯৮২২৫৮ ।

**বিষয়ঃ কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্তকরন এবং চুক্তিসম্পাদন নোটিশ (NOA) বাতিলসহ অত্র পবিসের সকল প্রকার ক্রয়কার্যে ০১(এক) বছরের জন্য অংশগ্রহনে অযোগ্য ঘোষণা করা প্রসঙ্গে।**

সূত্রঃ ০১) গত ২৭/০৭/২০২৫ খ্রিঃ তারিখে 'দৈনিক যুগান্তর' ও The New Nation' পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তি।
০২) স্মারক নং ২৭.১২.২৭৩৮.৫৪৪. ০১.০৩৮.২৫.৪০২৮ তারিখঃ ১৮/০৮/২০২৫খ্রিঃ (NOA)।
০৩) স্মারক নং ২৭.১২.২৭৩৮.৫৪৪. ০১.০৩৮.২৫.৪৭৫৭ তারিখঃ ০৯/১০/২০২৫খ্রিঃ ।
০৪) স্মারক নং ২৭.১২.২৭৩৮.৫৪৪. ০১.০৩৮.২৫.৪৮৯০ তারিখঃ ২১/১০/২০২৫খ্রিঃ ।
০৫) স্মারক নং ২৭.১২.২৭৩৮.৫৪৪. ০১.০৩৮.২৫.৫১৪০ তারিখঃ ০৬/১১/২০২৫খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক ১ নং সূত্র মোতাবেক অত্র পবিসের গত ১২/০৮/২০২৫খ্রিঃ তারিখের দরপত্রে অংশগ্রহণ করে ১ম সর্বনিম্ন দরদাতা বিবেচিত হওয়ায় আপনার প্রতিষ্ঠানকে **"রেইন কোট, ব্যাগ ও ছাতা"** সরবরাহের জন্য ০২ নং সূত্র মোতাবেক ৩,২৮,১৫০.০০ (তিন লক্ষ আটাশ হাজার একশত পঞ্চাশ) টাকার চুক্তি সম্পাদনের নোটিশ (NOA) প্রদান করা হয়। চুক্তি সম্পাদনের নোটিশ (NOA) মোতাবেক মালামাল সরবরাহের লক্ষ্যে গত ০২/০৯/২০২৫খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠানের সাথে অত্র পবিসের চুক্তিপত্র সম্পাদিত হয়। সিডিউলে উল্লেখিত শর্ত মোতাবেক মালামাল সরবরাহের সর্বশেষ তারিখ ছিল ২৯/০৯/২০২৫। শর্ত মোতাবেক মালামাল সরবরাহের সময়সীমা অতিক্রান্ত হলেও আপনার প্রতিষ্ঠান কর্তৃক কোনরুপ যোগাযোগ না করায় ৩ নং সূত্র মোতাবেক ২০/১০/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে মালামাল সরবরাহের জন্য পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক সময়সীমা বৃদ্ধির আবেদনের (যার রিসিভ নং-৫৪৪০, তারিখঃ ১৬/১০/২০২৫খ্রিঃ) প্রেক্ষিতে ৪ নং সূত্র মোতাবেক সিডিউলে উল্লেখিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে মালামাল সরবরাহের সময়সীমা ০৫/১১/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। তথাপি আপনার প্রতিষ্ঠান কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও মালামাল সরবরাহে ব্যর্থ হয়। পরবর্তীতে ৫নং সূত্র মোতাবেক **"রেইন কোট, ব্যাগ ও ছাতা** সরবরাহের ব্যর্থতায় আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্তকরন এবং আপনার প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত চুক্তি বাতিলসহ কেন অত্র পবিসের সকল প্রকার ক্রয়কার্যে অংশগ্রহনে অযোগ্য ঘোষণা করা হবে না, তার জবাব ১৩/১১/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে অত্র পবিসকে অবহিত করার জন্য আপনার প্রতিষ্ঠানকে চুড়ান্ত পত্র প্রেরণ করা হয়। তথাপি আপনার প্রতিষ্ঠান কর্তৃক অদ্যাবধি কোন প্রকার যোগাযোগ করেন নাই। বর্ণিত বিষয়ে আপনার সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও কোনরুপ রেসপন্স করেন নাই। আপনার প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে মালামাল সরবরাহ না করার কারণে অত্র পবিসের মালামাল সংগ্রহে অহেতুক সময় ক্ষেপনসহ সার্বিকভাবে ক্রয় প্রক্রিয়া বাধাগ্রস্থ হয়েছে এবং মালামালের অভাবে অত্র পবিসের দাপ্তরিক কাজে জটিলতার সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে **"রেইন কোট, ব্যাগ ও ছাতা"** সরবরাহের ব্যর্থতায় আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্তকরন এবং আপনার প্রতিষ্ঠানকে প্রদত্ত চুক্তি সম্পাদন নোটিশ (NOA) বাতিলসহ অত্র পবিসের সকল প্রকার ক্রয়কার্যে ০১(এক) বছরের জন্য অর্থাৎ আগামী ২২/১১/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত অংশগ্রহনে অযোগ্য ঘোষণা করা হলো।

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার ।

অনুলিপিঃ

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), আইএমইডি, বিপিপিএ ভবন, শের-ই বাংলা নগর আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির জন্য)।
০৩। পরিচালক (কারিগরি), আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..................... পবিস-১/২/৩/৪।
০৫। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
০৬। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
০৭। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার ।

E:\Monira-08.12.24\01.038\কালো তালিকাভূক্ত প্রতিষ্ঠান (নোট এবং পত্র)\Letter.(কালতালিকা).doc62